

আনন্দবাজার পত্রিকা মঙ্গলবার ৯ অগস্ট ২০২২

ফের নামছে টাকার দাম, আশ্বাস কেন্দ্রের

নিজস্ব প্রতিবেদন

বেশ কিছু দিন ধরে টানা নামার পরে সম্প্রতি মাথা তুলতে শুরু করেছিল ডলারের সাপেক্ষে টাকার দাম। তবে বিশ্ব বাজারে অস্থিরতা বহাল থাকার কারণে সেই উত্থান স্থায়ী হবে না বলেই সাবধান করেছিলেন বিশেষজ্ঞদের একাংশ। আশঙ্কা সত্যি করে আবারও পড়তে শুরু করেছে ভারতীয় মুদ্রা। সোমবার ৩৯ পয়সা উঠে এক ডলারের দাম পৌঁছে গিয়েছে ৭৯.৬৩ টাকায়।

সোমবার ক্যালকাটা চেম্বারের সভায় কেন্দ্রের মুখ্য আর্থিক উপদেষ্টা ডি অনন্ত নাগেশ্বরনের দাবি, টাকার অবমূল্যায়ন হয়নি। তাঁর কথায়, “অবমূল্যায়ন আলাদা বিষয়। এটির মূল্য ধার্য হয় চাহিদা-জোগানের ভিত্তিতে। ডলারের সাপেক্ষে টাকার দাম পড়লেও ইউরো, পাউন্ড-সহ

বেশিরভাগ মুদ্রার সাপেক্ষে বেড়েছে। আমেরিকায় সুদ বৃদ্ধির জেরেই ডলার প্রায় সব মুদ্রার নিরিখেই বেড়েছে।”

এ দিন লোকসভায় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন জানান, ডলারে নির্ভরশীলতা কমিয়ে টাকার চাহিদা বাড়াতে রিজার্ভ ব্যাঙ্ক ব্যবস্থা নিয়েছে। যেখানে বাণিজ্যে লেনদেনের ব্যবস্থা হয়েছে ভারতীয় মুদ্রায়। এতে আমদানি-রফতানিতে এর গুরুত্ব বাড়বে।

বাজার বিশেষজ্ঞদের একাংশেরও দাবি, লগ্নিকারীরা ঝুঁকি এড়াতে ডলারকে বাছছেন। তাই বিশ্ব জুড়ে তার চাহিদা ও দাম বাড়ছে। এ জন্য মূলত রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং চিন-আমেরিকার মধ্যে উত্তেজনা দায়ী, ভারতীয় অর্থনীতির দুর্বলতা নয়। বরং অশোধিত তেলের পড়তে থাকা দাম ও দেশে শেয়ার বাজারের উত্থান টাকার আরও বড় পতন রুখেছে।